
এই আমার বাংলাদেশ
আবুল হাসান মুহাম্মদ সাদেক

এই আমার বাংলাদেশ
আবুল হাসান মুহাম্মদ সাদেক

©
কথামালা

প্রথম প্রকাশ
বইমেলা-২০১৩

গ্রাফিক্স ডিজাইন
মোঃ হাবিবুর রহমান

প্রকাশক
কথামালা
বাড়ী নং ১৪, রোড নং ২৮, সেক্টর নং ৭
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
ফোন-০১৬৭৮৬৬৪৪০৩

পরিবেশক
কালিকলম প্রকাশনা, ১১/১ ইসলামী টাওয়ার
৫ম তলা, বাংলাবজার, ঢাকা-১১০০
০১৯২৭৩৭৯৭৩৬

মূল্য
১২০ টাকা

Ei Amar Bangladesh
Abul Hasan M. Sadeq

©
Kothamala

First Edition
Book Fair-2013


Graphics Design
Md. Habibur Rahaman

Published by
Kothamala
House-14, Road-30, Sector-7
Uttara Model Town, Dhaka-1230.
Phone-01678664403

Distributor
Kalikolam Prokashona,
11/1, Islami Tower (4th Floor)
Bangla Bazar, Dhaka-1100; 01927379736

Price
Tk. 120/-; $ 5.00

ISBN 978-984-33-7099-0




তুমি কি দেখেছো নদীর ঘাট
জলের খেলায় কিশোর হাট
গাঁয়ের বউ কলসী কাঁখে
নৌকা চলে নদীর বাঁকে
পাখি উড়ে ঝাঁকে ঝাঁকে
কোথায় পাবে এমন দেশ
এ যে আমার বাংলাদেশ।




তুমি কি দেখেছো ধানের খেত
ঝিঙে ফুল সরষে খেত
রাখাল ছেলে বাজায় বাঁশী
আনন্দে দোলে সকল চাষী
ফুটে ওদের মুখে হাসি
তাদের খুশীর নেই যে শেষ
এ যে আমার বাংলাদেশ




তুমি কি দেখেছো বর্ষার দিন
বারি ঝরে বিরতীহীন
রাতদিন মেঘ ডাকে
ব্যাঙগুলো গলা হাঁকে
শীতল মধুর ঘরে থাকে
নকশী কাঁথার মধুর আবেশ
এই তো আমার বাংলাদেশ।




ঐ দেখো কাল বৈশাখীর ঝড়
বাতাসে ভাঙ্গে অনেক ঘর
বনে বনে তুফান ঝড়ে
অনেক গাছ লুটিয়ে পড়ে
কতো পাখী ঝাপটে মরে
আম কুড়াবার মজাই বেশ
এ যে আমার বাংলাদেশ ।



ঐ দেখো খালবিল
উড়ছে কতো গাংচিল
মাছ ধরে জেলে
শিশুরা খেলে
সবকিছু ফেলে
সেটাই আমার মধুর দেশ
আমার সোনার বাংলাদেশ।




তুমি কি দেখেছো চড়ুই ভাতি
ছেলেমেয়েরা উঠছে মাতি
মজার মজার রান্না হয়
পেট ভরে খাওয়া হয়
পুতুলের বিয়ে হয়
কনে পরে মজার ড্রেস
এটাই আমার বাংলাদেশ।




তুমি কি দেখেছো মাঘের শীত
রাতে বসে কবিয়ালী গীত
মিষ্টি রস খেজুর গাছে
শীতের ফল গাছে গাছে
আগুন তাপানোর মজা আছে
শীতেও নেই আনন্দের শেষ
এটাই আমার বাংলাদেশ।



তুমি কি দেখেছো রোযার শেষে
ঈদের খুশীতে সবাই হাসে
রং বেরঙ্গের জামা পরে
চলে ঈদগাহের পথ ধরে
খায় সবাই পেট ভরে
পোলাও কোর্মা জর্দা পায়েশ
এটাই আমার বাংলাদেশ।




তুমি কি দেখেছো হাডু-ডু খেলা
গাঁয়ে চলে বিকেল বেলা।
দুষ্টু ছেলে খেলায় মাতে
মাঠে গিয়ে এক সাথে
ঘরে ফিরে সন্ধ্যা রাতে।
খেলার মেলা বসে বেশ
এ যে আমার বাংলাদেশ।



দাঁড়িয়ে আছি গাছের তলে
কি দেখা যায়
কি দেখা যায়
কৃষ্ণ চূড়ার ফুলে ফুলে
শাখায় শাখায় আগুন জ্বলে
লালিমায় ভরা এই দেশ
সূর্য পতাকার বাংলাদেশ।



তুমি কি দেখছো কুরবাণী
এখানে ওখানে আনন্দের ধ্বনি
যবাই হয় ছাগল গরু
গোশ্‌ত পোলাও খাবার শুরু
বাদ যায় না যুবা বুড়ু
খাওয়া দাওয়ার নেই তো শেষ
এই যে আমার বাংলাদেশ



আমের বাগানে হেটে যাই
কি দেখা যায়
কি দেখা যায়
যেদিকে দেখি যেখানে তাকাই
আমের কোন শেষ নাই
আমগুলো কতোই ফ্রেশ
আমের দেশ বাংলাদেশ।




তুমি কি দেখেছো পলাশের আগুন
ফলে ফুলে মন মাতানো ফাগুন
মধু মল্লিকার মধু আহরণ
পাখ পাখালীর জাগরণ
কপোত কপোতীর নয়নে নয়ন
কোথাও নেই এমন দেশ
সেই যে আমার বাংলাদেশ।



ঐ যে দেখো তালগাছ
কেমন দেখায়
কেমন দেখায়
আকাশ ছোঁয়া লম্বা গাছ
গাছের মাথায় পাখীর বাস
পাখীর মুখে ছোট্ট মাছ
তাল গাছের মাথায় কেশ
এটাই আমার বাংলাদেশ।



আমি চলেছি পুকুর পাড়ে
কি দেখা যায়
কি দেখা যায়
শাপলা ফুল জলের ধারে
মৃদু বাতাস পাতা নাড়ে
ফুলে ভরা সারা দেশ
এই তো আমার বাংলাদেশ।



নৌকায় চলেছি বিলের জলে
কি দেখা যায়
কি দেখা যায়
মাছ ধরে তিনটা জেলে
দাঁড়িয়ে আছে দুষ্টু ছেলে
মাছ পেয়েছে ভালো বেশ
মাছে ভরা এই বাংলাদেশ।